## নন-লাইফ বীমা এজেন্টগণকে লাইসেন্স প্রদান

### বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (নন-লাইফ বীমা এজেন্টগণকে লাইসেন্স প্রদান) প্রবিধানমালা, ২০১১

বীমা আইন, ২০১০ (২০১০ সালের ১৩ নম্বর আইন) এর ধারা ১২৪ এর উপধারা (১) ও (৪) এবং ধারা ১৪৮ এ প্রদত্ত ক্ষমতাবলে কর্তৃপক্ষ এতদ্বারা নিম্নরূপ প্রবিধানমালা প্রণয়ন করিল, যথাঃ-

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন**।— (১) এই প্রবিধানমালা বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (নন-লাইফ বীমা এজেন্টগণকে লাইসেন্স প্রদান) প্রবিধানমালা, ২০১১ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। সংজ্ঞা। — (১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই প্রবিধানমালায় —

(ক) "আইন" অর্থ বীমা আইন, ২০১০ (২০১০ সালের ১৩ নম্বর আইন);

(খ) "কর্তৃপক্ষ" অর্থ বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ আইন, ২০১০ (২০১০ সালের ১২ নম্বর আইন) এর ধারা ০৩ এর বিধান অনুসারে গঠিত বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ;

(গ) "মনোনীত ব্যক্তি" অর্থ জীবন বীমাকারী অথবা ব্রোকার কর্তৃক নির্ধারিত এবং কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত এই প্রবিধানমালার অধীনে লাইসেন্স ইস্যু বা নবায়ন করিতে নিয়োজিত একজন কর্মকর্তা;

(ঘ) "লাইসেন্স" অর্থ বীমা এজেন্ট বা বীমা এজেন্ট নিয়োগকারী হিসেবে কাজ করিবার নিমিত্ত এই প্রবিধানমালার অধীনে ইস্যুকৃত অনুমতির সনদপত্র;

(ঙ) "বাস্তব প্রশিক্ষণ" অর্থ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত বীমা বিক্রী, সরবরাহ ও বিপণনের প্রশিক্ষণকে অন্তর্ভুক্ত করিবে;

(চ) "প্রসপেক্ট" অর্থ বীমা পণ্যের একজন সম্ভাব্য ক্রেতা।

(২) এই প্রবিধানমালায় যে সকল শব্দ বা অভিব্যক্তির সংজ্ঞা দেওয়া হয় নাই সেই সকল শব্দ বা অভিব্যক্তি বীমা আইন, ২০১০ (২০১০ সালের ১৩ নম্বর আইন), অথবা বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ আইন, ২০১০ (২০১০ সালের ১২ নম্বর আইন) এ যেই অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থ প্রযোজ্য হইবে।

৩। **নন-লাইফ বীমা এজেন্টকে অস্থায়ী লাইসেন্স প্রদান**। — (১) কোন ব্যক্তি (অতঃপর 'আবেদনকারী' হিসাবে উলি-খিত) যিনি কোন স্বীকৃত বোর্ডের অধীন মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছেন, তিনি মনোনীত কর্মকর্তার নিকট নন-লাইফ বীমা এজেন্টের অস্থায়ী লাইসেন্সের জন্য আবেদন করিতে পারিবেন।

(২) উপ-প্রবিধান (১) এর অধীনে নন-লাইফ বীমা এজেন্টের অস্থায়ী লাইসেন্সের আবেদনপত্র FORM IDRA-AGENTS-NLA তে করিতে হইবে।

(৩) নন-লাইফ বীমা এজেন্টের অস্থায়ী লাইসেন্সের জন্য আবেদনকারীকে এই প্রবিধানমালার প্রবিধান ১২ তে বর্ণিত পরিমানে এবং পদ্ধতিতে ফি পরিশোধ করিতে হইবে।

(৪) নন-লাইফ বীমা এজেন্টের অস্থায়ী লাইসেন্সের ধারক অথবা অন্য কোন ব্যক্তি যাহাকে কোন সময় উক্তরূপ অস্থায়ী লাইসেন্স প্রদান করা হইয়াছিল তিনি নূতন লাইসেন্সের নিমিত্ত আবেদন করতে পারিবেন না।

(৫) উপ-প্রবিধান (১) ও (২) এর বিধানাবলী অন্য বা নূতন লাইসেন্সের আবেদনের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

(৬) মনোনীত কর্মকর্তা নিজেকে সন্তুষ্ট করিতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতঃ যদি মনে করেন যে নন-লাইফ বীমা এজেন্টের অস্থায়ী লাইসেন্সের নিমিত্ত আবেদন যথাযথ হইয়াছে তবে তিনি ০১ (এক) বৎসরের মেয়াদে FORM IDRA-AGENTS-NLB এ লাইসেন্স ও নূতন লাইসেন্স প্রদান করিবেন।

৪। **নন-লাইফ বীমা এজেন্টকে নবায়নযোগ্য লাইসেন্স প্রদান**। — (১) কোন ব্যক্তি যিনি নন-লাইফ বীমা এজেন্টের লাইসেন্স ধারণ করিতেছেন তিনি মনোনীত কর্মকর্তার নিকট নন-লাইফ বীমা এজেন্টের নবায়নযোগ্য লাইসেন্সের নিমিত্ত আবেদন করিতে পারিবেন।

(২) উপ-প্রবিধান (১) এর অধীনে নন-লাইফ বীমা এজেন্টের লাইসেন্সের আবেদন FORM IDRA-AGENTS-NLC তে করিতে হইবে।

(৩) জীবন বীমা এজেন্টের লাইসেন্সের জন্য আবেদনকারীকে যে ফি পরিশোধ করিতে হইবে এবং যেইরূপে উক্ত ফি পরিশোধ করিতে হইবে তাহা এই প্রবিধানমালার প্রবিধান ১২ এ বর্ণিত হইয়াছে।

(৪) মনোনীত কর্মকর্তা প্রতি ক্ষেত্রে ০২ (দুই) বৎসর মেয়াদের জন্য লাইসেন্স নবায়ন করিবেন, যদি তিনি এই মর্মে সন্তুষ্ট হন যে,

(i) আবেদনকারী প্রবিধান - ৫ এ বর্ণিত যোগ্যতাসমূহ ধারণ করেন;

(ii) আবেদনকারী প্রবিধান - ৬ এ বর্ণিত পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছেন;

(iii) আবেদনকারী প্রবিধান - ৭ এ বর্ণিত বাস্তব প্রশিক্ষণ গ্রহণ করিয়াছেন।

৫। **আবেদনকারীর যোগ্যতাসমূহ**। — আবেদনকারীকে কোন স্বীকৃত বোর্ডের অধীনে মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় অবশ্যই উত্তীর্ণ হওয়ার নূন্যতম যোগ্যতা থাকিতে হইবে।

৬। **পরীক্ষা**। — আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশ ইন্সুরেন্স একাডেমি অথবা কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত অন্য কোন প্রতিষ্ঠান কর্তৃক পরিচালিত নন-লাইফ বীমা ব্যবসায় সংক্রান্ত নিয়োগ পূর্ব (Pre-recruitment) পরীক্ষায় পাস করিতে হইবে।

৭। **বাস্তব প্রশিক্ষণ**। — আবেদনকারীকে অবশ্যই কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত কোন প্রতিষ্ঠান হইতে অন্যূন ৭৫ (পঁচাত্তর) ঘন্টার নন-লাইফ বীমা ব্যবসায় সংক্রান্ত বাস্তব প্রশিক্ষণ গ্রহণ করিতে হইবে, যেইক্ষেত্রে আবেদনকারী ১ম বারের মত বীমা এজেন্ট হিসাবে লাইসেন্স প্রার্থনা করিতেছেন।

৮। **লাইসেন্সের নবায়ন**।— (১) নন-লাইফ বীমা এজেন্টের লাইসেন্সের ধারক ইচ্ছা করিলে মনোনীত কর্মকর্তার নিকট FORM IDRA-AGENTS-NLD তে তাহার লাইসেন্স নবায়নের আবেদন করিতে পারিবেন।

(২) মনোনীত কর্মকর্তা আবেদনকারীকে পূর্বে প্রদত্ত নন-লাইফ বীমা এজেন্টের লাইসেন্স ০৩ (তিন) বৎসর মেয়াদে নবায়ন করিবেন, যদি তিনি এই মর্মে সন্তুষ্ট হন যে,

(ক) আবেদনটি যথাযথ হইয়াছে;

(খ) আবেদনটি লাইসেন্সের মেয়াদ অবসানের তারিখ হইতে কমপক্ষে ০১ (এক) মাস পূর্বে তাহার (মনোনীত কর্মকর্তা) নিকট পৌঁছাইয়াছিল;

(গ) জীবন বীমা এজেন্টের লাইসেন্সের নবায়নের জন্য আবেদনকারীকে যে ফি পরিশোধ করিতে হইবে এবং যেইরূপে উক্ত ফি পরিশোধ করিতে হইবে তাহা এই প্রবিধানমালার প্রবিধান ১২ এ বর্ণিত হইয়াছে;

(ঘ) আবেদনটি উহার মেয়াদ অবসানের পরে পৌঁছাইলে এই বাবদ এই প্রবিধানমালা শর্তে নির্ধারিত অতিরিক্ত ফি পরিশোধিত হইয়াছে।

৯। **পরিশোধযোগ্য ফি**। — (১) নন-লাইফ বীমা এজেন্ট অথবা বীমা এজেন্ট নিয়োগকারীর লাইসেন্স ইস্যু করা বা পূর্বে ইস্যুকৃত লাইসেন্স নবায়নের নিমিত্তে পরিশোধযোগ্য ফি নিম্নরূপ হইবে ঃ

(ক) নন-লাইফ বীমা এজেন্টের লাইসেন্সের জন্য ১০০০ (এক হাজার) টাকা;

(খ) নন-লাইফ বীমা এজেন্টের নবায়নযোগ্য লাইসেন্সের জন্য ৬০০ (ছয়শত) টাকা;

(গ) প্রত্যেক ক্ষেত্রে বিলম্বের জন্য ২০০ (দুইশত) টাকা;

(ঘ) প্রত্যেক প্রতিলিপি লাইসেন্সের জন্য ২০০ (দুইশত) টাকা।

(২) এজেন্টের কোন লাইসেন্স বা নবায়নযোগ্য লাইসেন্স ইস্যুর নিমিত্ত প্রদেয় সকল ফি কর্তৃপক্ষ পরিচালিত বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ ফান্ড, সোনালী ব্যাংক, মতিঝিল, ঢাকা অথবা কর্তৃপক্ষের অনুমোদিত অপর কোন তফসিলভুক্ত ব্যাংকের অনকূলে নগদ, ব্যাংক ড্রাফট্ বা পে অর্ডারযোগে জমা প্রদান করিতে হইবে।

(৩) বীমাকারী প্রতি মাসে কর্তৃপক্ষের নিকট একটি বিবরণী দাখিল করিবেন, যাহাতে ইস্যুকৃত লাইসেন্সের প্রকৃতি ও তাহা ইস্যুর তারিখ, বীমা এজেন্টের নাম এবং বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ ফান্ড এর অনুকূলে ফি জমাদানের কাগজাদি থাকিবে।

(৪) বীমা এজেন্টের লাইসেন্স ইস্যু বা নবায়নের নিমিত্ত আবেদনের সময় আবেদনকারীকে প্রযোজ্য ফি জমাদানের কাগজ দাখিল করিতে হইবে।

১০। **অযোগ্যতা**।– (১) নন-লাইফ বীমা ব্যবসায়ে অস্থায়ী বা নবায়নযোগ্য বা লাইসেন্সের ক্ষেত্রে নিম্নবর্ণিত বিষয়াদি অযোগ্যতা বলিয়া গণ্য হইবে ঃ

(i) আবেদনকারী নাবালক;

(ii) উপযুক্ত আদালত কর্তৃক আবেদনকারী অপ্রকৃতিস্থ মর্মে সিদ্ধান্ত গ্রহন করা হইয়াছে;

(iii) উপযুক্ত আদালত কর্তৃক আবেদনকারী প্রতারণামূলক আত্মসাত বা প্রতারণামূলক বিশ্বাসভঙ্গ বা প্রতারণা বা জালিয়াতি বা উক্ত কোন কার্যে প্ররোচনা দেওয়া বা উক্ত কোন কার্য সঙ্ঘটনের চেষ্টা করার দায়ে দোষী সাব্যস্ত হন;

(iv) বীমা পলিসি সংক্রান্ত কোন বিচারিক প্রক্রিয়ায় বা বীমা কোম্পানির অবসায়নে বা বীমাকারীর কোন কার্যের তদন্তকালে আবেদনকারী দোষী মর্মে প্রতীয়মান হয় অথবা দেখা যায় যে, আবেদনকারী জ্ঞাতসারে কোন প্রতারণা, অসততা আত্মসাতে অথবা প্রতারণা, অসততা বা আত্মসাতের ষড়যন্ত্রে অংশগ্রহণ করিয়াছেন যাহা বীমাকারী বা বীমাকৃতের স্বার্থের পরিপন্থী;

(v) আবেদনকারী এই প্রবিধানমালায় বর্ণিত কার্যক্রমে যুক্ত থাকিলে আচরণবিধি লঙ্ঘন করিয়াছেন মর্মে বিবেচিত হবে ।

১১। **লাইসেন্স বাতিল**। — বীমাকারী কোন বীমা এজেন্টের লাইসেন্স বাতিল করিবার অধিকার সংরক্ষণ করেন, যদি সংশি⃞ষ্ট বীমা এজেন্ট প্রবিধান - ১০ এ উলি⃞খিত কোন অযোগ্যতা ধারণ করেন।

১২। **প্রতিলিপি লাইসেন্স প্রদান**। — এই প্রবিধানমালার প্রবিধান - ০৯ এ উলি⃞খিত সংশি⃞ষ্ট ফি পরিশোধ সাপেক্ষে বীমাকারী হারানো, বিনষ্ট হওয়া বা কাটাছেঁড়া লাইসেন্সের বিপরীতে প্রতিলিপি লাইসেন্স প্রদান করিতে পারিবেন।

১৩। **বীমা এজেন্টের রেজিস্টার**। — প্রত্যেক বীমাকারী যিনি বীমা এজেন্ট বা বীমা এজেন্ট নিয়োগকারী নিয়োগ করেন, তিনি একটি রেজিস্টার রক্ষণাবেক্ষণ করিবেন যাহাতে নিয়োগকৃত বীমা এজেন্টের নাম ও ঠিকানা, তাহার নিয়োগদানের তারিখ এবং নিয়োগ সমাপ্তির তারিখ (যদি থাকে) লিপিবদ্ধ হইবে।

# FORM IDRA-AGENTS-NLA

## নন-লাইফ বীমা এজেন্টের অস্থায়ী লাইসেন্সের আবেদন

তারিখ ঃ..........................

বরাবর

কোম্পানির নাম ও ঠিকানা ঃ

জনাব,

নন-লাইফ বীমা এজেন্ট হিসাবে দায়িত্ব পালনের উদ্দেশে আমাকে *অস্থায়ী লাইসেন্স* প্রদানের নিমিত্তে অনুরোধ করিতেছি। প্রয়োজনীয় তথ্যাদি নিম্নে প্রদান করিলামঃ

১।

(i) নাম (ইংরেজিতে বড় হাতের অক্ষরে) ঃ ..................................................

(ii) পিতার/স্বামীর নাম ঃ ..................................................

(iii) জন্ম তারিখ ঃ ..................................................

(iv) আবেদন করিবার তারিখে বয়স ঃ ..................................................

(v) আবাসিক ঠিকানা ঃ ..................................................

(vi) স্থায়ী ঠিকানা ঃ ..................................................

(vii) শিক্ষাগত যোগ্যতা ঃ ..................................................
(কোন ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা/উপজেলা চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার কর্তৃক মূল সনদের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করিতে হইবে)

(viii) জাতীয়তা ঃ ..................................................

(ix) ধর্ম ঃ ..................................................

(x) আপনি কি পূর্বে অস্থায়ী লাইসেন্সের জন্য আবেদন করিয়াছিলেন? যদি করিয়া থাকেন, তবে ঃ
(ক) লাইসেন্স প্রদান করা হইয়াছিল কি না ঃ যদি হইয়া থাকে, তবে লাইসেন্সের নম্বর ও তাহা মেয়াদোত্তীর্ণের তারিখ ..................................................
(খ) লাইসেন্সের আবেদন প্রত্যাখ্যাত হইয়াছিল কি না ঃ যদি হইয়া থাকে, তবে কারণসহ অনুরূপ প্রত্যখ্যানপত্রের নম্বর ও তারিখ ঃ..........................................

(xi) আপনার কি এজেন্ট নিয়োগকারীর সনদ আছে? যদি থাকিয়া থাকে, তবে ঐ সনদের তথ্যাদি লিপিবদ্ধ করিতে হইবে ..................................................

২। দুই কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবি (কোন ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা/উপজেলা চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার কর্তৃক সত্যায়িত হইতে হইবে)

৩। আমি এই মর্মে ঘোষণা করিতেছি যে, পূর্বে প্রদত্ত তথ্যাদি ও নিম্নে দেওয়া ঘোষণা সত্য এবং যে অস্থায়ী সনদের জন্য আমি আবেদন করি তাহা জীবন বীমা ব্যবসায় আমন্ত্রণ ও সংগ্রহের উদ্দেশে কেবলমাত্র আমার কর্তৃক ব্যবহৃত হইবে।

৪। আমি পুনর্বার ঘোষণা করিতেছি যে ---

(ক) আমি কোন উপযুক্ত আদালত কর্তৃক অপ্রকৃতিস্থ মর্মে সিদ্ধান্তকৃত হইনি;

(খ) আমি কোন উপযুক্ত আদালত কর্তৃক প্রতারণামূলক আত্মসাৎ বা প্রতারণামূলক বিশ্বাসভঙ্গ বা প্রতারণা বা জালিয়াতি বা উক্ত কোন কার্যে প্ররোচনা দেওয়া বা উক্ত কোন কার্য সজ্ঘটনের চেষ্টা করার দায়ে দোষী সাব্যস্ত হইনি, এবং

(গ) বীমা পলিসি বা বীমা কোম্পানির অবসায়ন সংক্রান্ত কোন বিচারিক প্রক্রিয়ায় অথবা বীমাকারীর কোন কার্যের তদন্তকালে আমি জ্ঞানত বীমাকারী বা বীমাকৃতের স্বার্থের পরিপন্থী কোন প্রতারণা বা আত্মসাতে অংশগ্রহণ করিনি অথবা উক্ত প্রতারণা বা আত্মসাতের ষড়যন্ত্রে জড়িত হইনি এবং সেই মর্মে দোষী সাব্যস্তও হইনি।

৫। আমি বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ ফান্ড এর অনুকূলে লাইসেন্স ফি বাবদ ১০০০ (এক হাজার) টাকা পরিশোধ করিয়াছি এবং তাহার রসিদ এতদসঙ্গে সংযুক্ত করিলাম।

আপনার বিশ্বস্ত

আবেদনকারীর স্বাক্ষর

FORM IDRA-AGENTS-NLB

কোম্পানির নাম ও ঠিকানা

অস্থায়ী লাইসেন্স নম্বর ...................................... (নন-লাইফ)

**নন-লাইফ বীমা এজেন্টের অস্থায়ী লাইসেন্স**

জনাব/বেগম/মিস্

.......................................................................................................................................

পিতা/স্বামী .........................................................................................................................

গ্রাম ...................................................................................................................................

ডাকঘর ...............................................................................................................................

উপজেলা .............................................................................................................................

জেলা ......................................................... কে এই মর্মে অনুমোদন দেওয়া হইল যে. তিনি ................ হইতে ............................................ তারিখ পর্যন্ত এক বৎসর মেয়াদে নন-লাইফ বীমা ব্যবসায়ের ***অস্থায়ী বীমা এজেন্ট*** হিসাবে দায়িত্ব পালন করিতে পারিবেন। অদ্য তারিখ........................ ............................................................... খ্রিস্টাব্দ।

মনোনীত কর্মকর্তার স্বাক্ষর

মনোনীত কর্মকর্তার নাম

পদমর্যাদা

আবেদনকারীর ছবি ও নমুনা স্বাক্ষর

# FORM IDRA-AGENTS-NLC

নন-লাইফ বীমা এজেন্টের লাইসেন্স নবায়নের নিমিত্ত আবেদন

বরাবর
কোম্পানির নাম ও ঠিকানা

জনাব,

উপরিউলি- খিত আমার সাধারণ লাইসেন্স পরবর্তী ০২ (দুই) বৎসর মেয়াদে নবায়নের নিমিত্তে অনুরোধ করিতেছি। প্রয়োজনীয় তথ্যাদি নিম্নে প্রদান করিলাম ঃ

(i) নাম (ইংরেজিতে বড় হাতের অক্ষরে) ঃ ........................................................................

(ii) পিতার/স্বামীর নাম ঃ ........................................................................

(iii) জন্ম তারিখ ঃ ........................................................................

(iv) আবেদন করিবার তারিখে বয়স ঃ ........................................................................

(v) আবাসিক ঠিকানা ঃ ........................................................................

(vi) স্থায়ী ঠিকানা ঃ ........................................................................

(vii) শিক্ষাগত যোগ্যতা ঃ ........................................................................
(কোন ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা/উপজেলা চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার কর্তৃক মূল সনদের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করিতে হইবে)

(viii) জাতীয়তা ঃ ........................................................................

(ix) ধর্ম ঃ ........................................................................

(x) আপনি কি পূর্বে অস্থায়ী লাইসেন্সের জন্য আবেদন করিয়াছিলেন? যদি করিয়া থাকেন, তবে ঃ

(ক) লাইসেন্স প্রদান করা হইয়াছিল কি না ঃ যদি হইয়া থাকে, তবে লাইসেন্সের নম্বর ও তাহা মেয়াদোত্তীর্ণের তারিখঃ ........................................................................

(খ) (খ) লাইসেন্সের আবেদন প্রত্যাখ্যাত হইয়াছিল কি না ঃ যদি হইয়া থাকে, তবে কারণসহ অনুরূপ প্রত্যখ্যানপত্রের নম্বর ও তারিখঃ ........................................................

২। দুই কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবি (কোন ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা/উপজেলা চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার কর্তৃক সত্যায়িত হইতে হইবে)

৩। আমি এই মর্মে ঘোষণা করিতেছি যে, পূর্বে প্রদত্ত তথ্যাদি ও নিম্নে দেওয়া ঘোষণা সত্য এবং যে অস্থায়ী সনদের জন্য আমি আবেদন করি তাহা জীবন বীমা ব্যবসায় আমন্ত্রণ ও সংগ্রহের উদ্দেশে কেবলমাত্র আমার কর্তৃক ব্যবহৃত হইবে।

৪। আমি পুনর্বার ঘোষণা করিতেছি যে ---

(ক) আমি কোন উপযুক্ত আদালত কর্তৃক অপ্রকৃতিস্থ মর্মে সিদ্ধান্তকৃত হইনি;

(খ) আমি কোন উপযুক্ত আদালত কর্তৃক প্রতারণামূলক আত্মসাৎ বা প্রতারণামূলক বিশ্বাসভঙ্গ বা প্রতারণা বা জালিয়াতি বা উক্ত কোন কার্যে প্ররোচনা দেওয়া বা উক্ত কোন কার্য সঙ্ঘটনের চেষ্টা করার দায়ে দোষী সাব্যস্ত হইনি, এবং

(গ) বীমা পলিসি বা বীমা কোম্পানির অবসায়ন সংক্রান্ত কোন বিচারিক প্রক্রিয়ায় অথবা বীমাকারীর কোন কার্যের তদন্তকালে আমি জ্ঞানত বীমাকারী বা বীমাকৃতের স্বার্থের পরিপন্থী কোন প্রতারণা বা আত্মসাতে অংশগ্রহণ করিনি অথবা উক্ত প্রতারণা বা আত্মসাতের ষড়যন্ত্রে জড়িত হইনি এবং সেই মর্মে দোষী সাব্যস্তও হইনি।

৫। আমি বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ ফান্ড এর অনুকূলে লাইসেন্স ফি বাবদ =৬০০/- (ছয়শত) টাকা পরিশোধ করিয়াছি এবং তাহার রসিদ এতদসঙ্গে সংযুক্ত করিলাম।

আপনার বিশ্বস্ত

আবেদনকারীর স্বাক্ষর

## FORM IDRA-AGENTS-NLD

### নন-লাইফ বীমা এজেন্টের লাইসেন্স নবায়নের নিমিত্ত আবেদন

বরাবর
কোম্পানির নাম ও ঠিকানা

জনাব,

উপরিউলি- খিত আমার সাধারণ লাইসেন্স পরবর্তী ০৩ (তিন) বৎসর মেয়াদে নবায়নের নিমিত্তে অনুরোধ করিতেছি। প্রয়োজনীয় তথ্যাদি নিম্নে প্রদান করিলাম ঃ

(xi) নাম (ইংরেজিতে বড় হাতের অক্ষরে) ঃ ......................................................

(xii) পিতার/স্বামীর নাম ঃ ................................................................................

(xiii) জন্ম তারিখ ঃ .........................................................................................

(xiv) আবেদন করিবার তারিখে বয়স ঃ ......................................................................

(xv) আবাসিক ঠিকানা ঃ ...................................................................................

(xvi) স্থায়ী ঠিকানা ঃ .......................................................................................

(xvii) শিক্ষাগত যোগ্যতা ঃ ..............................................................................
(কোন ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা/উপজেলা চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার কর্তৃক মূল সনদের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করিতে হইবে)

(xviii) জাতীয়তা ঃ .........................................................................................

(xix) ধর্ম ঃ .....................................................................................................

(xx) আপনি কি পূর্বে অস্থায়ী লাইসেন্সের জন্য আবেদন করিয়াছিলেন? যদি করিয়া থাকেন, তবে ঃ

(গ) লাইসেন্স প্রদান করা হইয়াছিল কি না ঃ যদি হইয়া থাকে, তবে লাইসেন্সের নম্বর ও তাহা মেয়াদোত্তীর্ণের তারিখঃ ......................................................

(ঘ) (খ) লাইসেন্সের আবেদন প্রত্যাখ্যাত হইয়াছিল কি না ঃ যদি হইয়া থাকে, তবে কারণসহ অনুরূপ প্রত্যখ্যানপত্রের নম্বর ও তারিখঃ ....................................

২। দুই কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবি (কোন ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা/উপজেলা চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার কর্তৃক সত্যায়িত হইতে হইবে)

৩। আমি এই মর্মে ঘোষণা করিতেছি যে, পূর্বে প্রদত্ত তথ্যাদি ও নিম্নে দেওয়া ঘোষণা সত্য এবং যে অস্থায়ী সনদের জন্য আমি আবেদন করি তাহা জীবন বীমা ব্যবসায় আমন্ত্রণ ও সংগ্রহের উদ্দেশে কেবলমাত্র আমার কর্তৃক ব্যবহৃত হইবে।

৪। আমি পুনর্বার ঘোষণা করিতেছি যে ---

(ঘ) আমি কোন উপযুক্ত আদালত কর্তৃক অপ্রকৃতিস্থ মর্মে সিদ্ধান্তকৃত হইনি;

(ঙ) আমি কোন উপযুক্ত আদালত কর্তৃক প্রতারণামূলক আত্মসাৎ বা প্রতারণামূলক বিশ্বাসভঙ্গ বা প্রতারণা বা জালিয়াতি বা উক্ত কোন কার্যে প্ররোচনা দেওয়া বা উক্ত কোন কার্য সজ্ঘটনের চেষ্টা করার দায়ে দোষী সাব্যস্ত হইনি, এবং

(চ) বীমা পলিসি বা বীমা কোম্পানির অবসায়ন সংক্রান্ত কোন বিচারিক প্রক্রিয়ায় অথবা বীমাকারীর কোন কার্যের তদন্তকালে আমি জ্ঞানত বীমাকারী বা বীমাকৃতের স্বার্থের পরিপন্থী কোন প্রতারণা বা আত্মসাতে অংশগ্রহণ করিনি অথবা উক্ত প্রতারণা বা আত্মসাতের ষড়যন্ত্রে জড়িত হইনি এবং সেই মর্মে দোষী সাব্যস্তও হইনি।

৫। আমি বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ ফান্ড এর অনুকূলে লাইসেন্স ফি বাবদ =৬০০/- (ছয়শত) টাকা পরিশোধ করিয়াছি এবং তাহার রসিদ এতদসঙ্গে সংযুক্ত করিলাম।

আপনার বিশ্বস্ত

আবেদনকারীর স্বাক্ষর